# পিসির ঝুটঝামেলা

ট্রাবলশুটার টিম

**সমস্যা :** আমার নেটবুকে উইন্ডোজ সেভেন ইনস্টল করা। নেটবুকের মডেল হলো এসার এস্পায়ার ওয়ান জেডএইচ৭। নেটবুক অন করার পর মাউস কার্সর নিজে থেকেই স্ক্রিনের ওপর নড়াচড়া করে। মাউস বা টাচপ্যাডে নড়াচড়া করলে ঠিক হয়ে যায়। এটা কি কারণে হচ্ছে?

–রুহুল আমিন, নাটোর

**সমাধান :** আপনার নেটবুকের টাচপ্যাডের ড্রাইভার আপডেট করে দেখুন। ভাইরাসের কারণেও এ সমস্যা হতে পারে। তাই ভালোমানের অ্যান্টিভাইরাস সফটওয়্যার ইনস্টল করে পুরো সিস্টেম ভালো করে স্ক্যান করে দেখুন এ সমস্যার সমাধান হয় কি না। যদি না হয় তবে নতুন করে উইন্ডোজ ইনস্টল করে নিন।

**সমস্যা :** আমার পিসির মনিটর হচ্ছে ডেল ১৭ ইঞ্চি স্কয়ার এলসিডি। পিসিতে কাজ করার সময় কিছুক্ষণ পরপর বন্ধ হয়ে যায়। পাওয়ার বাটনের সবুজ বাতি জ্বলে-নেভে। পাওয়ার বাটন চেপে অফ করে আবার অন করলেও মনিটরে কিছু আসে না। কমপিউটার রিস্টার্ট দিলে আবার চালু হয়। এটা কি মনিটরের না অন্য কোনো সমস্যা? আরেকটি সমস্যা হলো– মনিটরের সাইডে ও নিচে দুটি করে মোট চারটি ইউএসবি পোর্ট আছে, কিন্তু সেগুলো কাজ করে না। এগুলো কাজ করানোর জন্য কি কোনো সফটওয়্যার ইনস্টল করতে হবে?

–রাহাত, মানিকগঞ্জ

**সমাধান :** মনিটর যথেষ্ট পাওয়ার সাপ্লাই পাচ্ছে না বা মনিটরের হার্ডওয়্যারজনিত কোনো সমস্যা হচ্ছে, যার কারণে তা বন্ধ হয়ে যাচ্ছে। এটি সার্ভিস সেন্টারে নিয়ে ঠিক করিয়ে নিন। যদি ওয়ারেন্টি থাকে, তবে ওয়ারেন্টি ক্লেম করুন যেখান থেকে এটি কিনেছেন। মনিটরের সাথে যে ইউএসবি পোর্ট থাকে, তা কাজ করানোর জন্য কোনো সফটওয়্যার ইনস্টল করার প্রয়োজন পড়ে না। এটি ইউএসবি হাবের মতো কাজ করে। ভালো করে লক্ষ করে দেখুন, সেখানে আরেকটি পোর্ট রয়েছে এবং মনিটরের সাথে একটি ইউএসবি পোর্টযুক্ত ক্যাবল দেয়া আছে। সেই ক্যাবলটির এক প্রান্ত মনিটরে ও অপর প্রান্ত পিসির যেকোনো ইউএসবি পোর্টে কানেক্ট করে নিন। এরপর মনিটরের ইউএসবিতে পেনড্রাইভ লাগিয়ে দেখুন তা পায় কি না।

**সমস্যা :** ল্যাপটপ থেকে ল্যাপটপে, ডেস্কটপ থেকে ল্যাপটপে এবং মোবাইল থেকে ল্যাপটপে সহজে ডাটা ট্রান্সফার করার পদ্ধতি কী?

**সমাধান :** ল্যাপটপ থেকে ল্যাপটপে, ডেস্কটপ থেকে ল্যাপটপে এবং মোবাইল থেকে ল্যাপটপে সহজে এবং তারবিহীন অবস্থায় দ্রুতগতিতে ডাটা ট্রান্সফার করার জন্য একটি সফটওয়্যার ব্যবহার করতে পারেন, যার নাম শেয়ারইট। স্মার্টফোন থেকে স্মার্টফোনে ডাটা শেয়ারিংয়ের একটি মূল মাধ্যম ছিল ব্লুটুথ। কিন্তু এখন তার জায়গা দখল করে নিয়েছে শেয়ারইট নামের অ্যাপ। এটি ওয়াইফাইয়ের মাধ্যমে ডাটা ট্রান্সফার করে বলে তা ব্লুটুথের চেয়ে অনেক দ্রুতগতিতে ডাটা ট্রান্সফার করতে সক্ষম। ডাটা ট্রান্সফারের রেট প্রায় ৩ এমবিপিএস। মোবাইল থেকে মোবাইলে এই অ্যাপের মাধ্যমে শেয়ার করার জন্য দুটি মোবাইলেই এ অ্যাপটি ইনস্টল করা থাকতে হবে। ল্যাপটপ থেকে মোবাইলে ডাটা ট্রান্সফারের ক্ষেত্রেও এই সফটওয়্যার ব্যবহার করা যায়। শেয়ারইট নামের সফটওয়্যার উইন্ডোজের জন্যও ডাউনলোড করে নেয়া যাবে। ডেস্কটপ বা ল্যাপটপে এ সফটওয়্যার ইনস্টল করে ল্যাপটপ থেকে ল্যাপটপে, ডেস্কটপ থেকে ল্যাপটপে এবং মোবাইল থেকে ল্যাপটপে সহজে ডাটা ট্রান্সফার করা যাবে।

পিসিতে মোবাইলের ব্যাকআপ রাখার জন্য ওয়ান্ডারশেয়ার মোবাইল গো নামের সফটওয়ারটি ব্যবহার করতে পারেন। ল্যাপটপ টু ল্যাপটপ বা ডেস্কটপ টু ল্যাপটপে আরও দ্রুতগতিতে ডাটা ট্রান্সফার করার দরকার পড়লে ক্রসওভার ক্যাবল দিয়ে দুটি ল্যাপটপ বা ডেস্কটপের সাথে ল্যাপটপ ল্যানে কানেক্ট করে খুব দ্রুত ডাটা ট্রান্সফার করা যায়। এ ক্ষেত্রে ইন্টারনেট সংযোগ, হাব, সুইচ বা রাউটার কোনো কিছুরই দরকার পড়বে না। পিসি বা ল্যাপটপে একই অপারেটিং বা ভিন্ন অপারেটিং সিস্টেম ইনস্টল করা থাকলেও ফাইল শেয়ারিং করা যাবে। ল্যান সেটিং করার পদ্ধতি তেমন একটা কঠিন কিছু নয়। ইউটিউবে বা গুগলে সার্চ করে দেখে নিতে পারেন। যদি অনেক বেশি ডাটা ট্রান্সফারের প্রয়োজন হয়, তবেই শুধু এ কাজ করা উচিত কজ

*ফিডব্যাক : jhutjhamela24@gmail.com*


আপনি কি জানেন
কমপিউটার জগৎ-এর
আগামী সংখ্যাটিই
২৫ বছর পূর্তি সংখ্যা?
*কপির জন্য আজই হকারকে বলে রাখুন।*